Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।


## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে অগ্রহায়ণ বুধবার ১৩৬০ ইংরাজী 9th Dec, 1953 { ২৮শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

নূতন বীমা
১৬,৩৮,৭৯,২৯৮৲

| | |
|---|---|
| মোট চল্‌তি বীমা | ৮৬,৭১,৬১,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২১,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৩,৮২,২০১৲ |

*হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।*

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৩শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৬০ সাল

## বলহীনের বল

—•—

বলহীন বা দুর্ব্বল লোকের সম্বন্ধে সংস্কৃত ভাষায় একটি প্রবাদ বাক্য আছে—"দুর্ব্বলস্য বলং নৃপঃ"—দুর্ব্বলের বল রাজা। যদি কোন দুর্ব্বলকে সবলে পীড়ন করে, সে তখন রাজদ্বারে প্রতিকারপ্রার্থী হয়। রাজশক্তি কর্ত্তৃক নিযুক্ত বিচারক সাক্ষ্য প্রমাণ গ্রহণান্তে পীড়কের দণ্ডবিধান করেন। বিচারক যে আইন অনুসারে বিচার করেন, সেই আইন প্রণয়ন করেন আইন সভার সদস্যগণ। এই সদস্যগণ নির্ব্বাচিত হন, ধনী, নির্ধন, সবল ও দুর্ব্বল জনসাধারণের ভোটের জোরে। এই ভোট লক্ষপতির ও দীন হীন কুটিরবাসীর সমান। প্রত্যেকেরই একটি করিয়া ভোট।

দেশ যখন ইংরাজের শাসনাধীনে ছিল, তখন তাহাদের কু-শাসনে বীতশ্রদ্ধ জনগণ কংগ্রেস নামক গণ-প্রতিষ্ঠানের যে প্রার্থী আইনসভার সভ্য হইবার জন্য ভোট প্রার্থনা করিতেন, তাঁহাকেই ভোট দিয়া কায়মনোবাক্যে তাঁহার সাফল্য কামনা করিত। দেশে এমন কংগ্রেসপ্রীতি পরিলক্ষিত হইয়াছিল, যে "কংগ্রেস যদি ছাতা বা লাঠিকে দাঁড় করায় তবে সেই ছাতা লাঠি ভোট পাইবে" এইরূপ আশা লোক করিত। আজ দেশের শাসনদণ্ড সেই কংগ্রেস প্রতিষ্ঠানের আয়ত্তাধীন।

দেশের শতকরা পঁচাশী জন অধিবাসীই নিরক্ষর। জীবনধারণের মত অন্ন ও লজ্জানিবারণের মত বস্ত্র পাইলেই এই সব লোক তুষ্টিলাভ করে। কংগ্রেস আজ প্রায় সাত বৎসর রাজত্ব লাভ করিয়াছে কিন্তু দুই বেলা দু'মুঠো অন্ন ও একখানা বস্ত্র পাওয়া সুদূরপরাহত হইয়া উঠিয়াছে। ফলে রাজশক্তির প্রতি লোকের শ্রদ্ধা এত কমিয়া আসিয়াছে যে কোথাও আইন সভার সদস্য নির্ব্বাচন আবশ্যক হইলে প্রজাসাধারণ যেমন কংগ্রেসের বিজয় কামনা করিত, আজ তেমনি কংগ্রেস প্রার্থীর পরাজয় কামনা করিতেছে।

কেবলমাত্র পশ্চিম বাংলার ব্যাপারগুলি আলোচনা করিলেই বোঝা যাইবে যে জনগণ-মন আজ তাদের সাধের কংগ্রেসের উপর কিরূপ বীতশ্রদ্ধ হইয়া উঠিয়াছে। যেখানে লোকে কংগ্রেস ছাড়া আর কাহাকেও ভোট দিবে না বলিয়া বদ্ধপরিকর হইত, আজ কংগ্রেসের নাম শুনিলে নাসিকা কুঞ্চিত করিতে পশ্চাৎপদ হয় না।

সাধারণ নির্ব্বাচনের সময় ভোটের জন্য ভারতীয় কংগ্রেসের সভাপতি জহরলালজীকেও পশ্চিম বঙ্গের স্থানে স্থানে "কংগ্রেসকে ভোট দাও। কংগ্রেসকে ভোট দাও!" বলিয়া জনসভায় কত ফাঁকা প্রতিশ্রুতি, কত বিফল আশার বাণী প্রয়োগ করিয়াও পশ্চিম বাংলার সাতটি নামকরা মন্ত্রীর শোচনীয় পরাজয় দেখিয়া বর্ত্তমান কংগ্রেস সুশাসনের গৌরব উপলব্ধি করিতে হইয়াছে।

ভারতীয় কংগ্রেস সভাপতি বলিয়াছিলেন—কোন মন্ত্রী সাধারণ নির্ব্বাচনে পরাজিত হইলে তিনি সদস্য দলে কোন উপায়ে স্থান পাইলেও মন্ত্রিত্ব পাইবেন না। পশ্চিম বাংলার খাদ্যমন্ত্রী তাঁহার কর্ম্মকুশলতার গুণে সাধারণ নির্ব্বাচনে প্রতিপক্ষ অপেক্ষা বাইশ হাজার ভোট কম পাইয়া এম. এল. এ. পদের আশায় জলাঞ্জলি দিয়া এম. এল. সি. হইয়া পশ্চিম বঙ্গের মুখ্যমন্ত্রী কর্ত্তৃক আবার খাদ্যমন্ত্রীর পদে অধিষ্ঠিত হইয়া রেশন অঞ্চলে পচা, কাঁকর মিশানো তিক্ত রসের অন্ন খাইতে লোককে বাধ্য করিতেছেন। বাঁচিয়া থাকিতে হইলে খাদ্যের প্রয়োজন অপরিহার্য্য। সেই খাদ্যই এমনি। কাজেই সকলের প্রাণ তিক্ত তণ্ডুলের গুণে, খাদ্যমন্ত্রীর প্রতি পরিষদে চাউল সম্বন্ধে প্রশ্নে তদপেক্ষা তিক্ত উত্তরও পাইয়া তৃপ্ত হইয়াছে। যেমন (১) চাউলে কাঁকর কেন? জানি না। কাঁকর বাছিয়া খাইতে হইবে। (২) এ চাউল মনুষ্যের খাদ্যের অনুপযুক্ত নয় কি?—নাঃ! একটু তিঁতো! তা বেশ খাওয়া যায়! এই সব মধুর ভাষা (?) জনগণের মনকে কংগ্রেসের উপর এত তিঁতো করিয়া তুলিয়াছে, যে রাজনীতি সম্পর্কহীন সরলপ্রাণ, নিরক্ষর ব্যক্তিও আগামী সাধারণ নির্ব্বাচনের সময় পর্য্যন্ত বাঁচিয়া থাকিলে ইহার প্রতিশোধ লইবে বলিয়া আশা করিতেছে। এই ভোটদান ক্ষমতাই বলহীন কাঙালের একমাত্র বল।

দক্ষিণ-পূর্ব্ব কলিকাতার লোকপ্রিয় স্বর্গীয় নেতা ডাঃ শ্যামাপ্রসাদের পরলোকের পর লোকসভার সদস্যপদে উপনির্ব্বাচনে কংগ্রেস ডাঃ রাধাবিনোদ পালকে কংগ্রেস প্রার্থীরূপে দাঁড় করাইয়া, প্রফুল্ল সেন যেমন আরামবাগ অঞ্চলে বাইশ হাজার ভোট কম পাইয়া পরাজিত হন, তেমনি এই বিশ্ববিখ্যাত বিবেকী বিচারক ডাঃ পালকে কমিউনিষ্ট প্রার্থী অপেক্ষা প্রায় বাইশ হাজার ভোট কম পাইবার হকদার করিয়া ছাড়িয়াছেন। শতকরা অশিক্ষিত পঁচাশী জন যদি তাঁহাদের অন্ন পরিধেয়ের লাঞ্ছনা না ভুলিয়া নির্ব্বাচনে এই প্রকার উত্তর প্রদান করেন, তাহা হইলে তাঁহারাই অন্ন পরিধেয়ের জন্মদাতা হইয়াও "হা অন্ন! হা বস্ত্র!" এর হাত হইতে নিস্তার পাইবেন। তাঁহাদের ভোটই

**"দেশে আন্‌বে মাভৈঃ বিজয়-মন্ত্র**
**বলহীনের বল!"**

—

## মাধ্যমিক শিক্ষকের মাগ্‌গীভাতা

পশ্চিমবঙ্গের বেসরকারী বিদ্যালয়গুলির মাধ্যমিক শিক্ষকগণের মাগ্‌গী ভাতা ছিল এতকাল মাসিক দশ টাকা। তন্মধ্যে বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ দিতেন পাঁচ টাকা, পশ্চিমবঙ্গ সরকার দিতেন পাঁচ টাকা। বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ যদি তাঁহাদের দেয় অংশ বাড়াইয়া ১৯৫৩ সালের মার্চ্চ মাস হইতে পাঁচ টাকার পরিবর্ত্তে দশ টাকা দেন, পশ্চিমবঙ্গ সরকারও দশ টাকা দিবেন, এই সরকারী ঘোষণার জবাবে অনেক বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ বর্ত্তমান বৎসরে অকস্মাৎ বিদ্যালয়ের এই অতিরিক্ত ব্যয় বহন করার অক্ষমতা জানাইয়াছেন। এই অবস্থায় পশ্চিমবঙ্গ সরকার পূর্ব্বের সিদ্ধান্ত পুনর্ব্বিবেচনা করিয়া এই সমস্ত বিদ্যালয়কে ১৯৫৩ সালের ডিসেম্বর মাস পর্য্যন্ত এই সর্ত্ত হইতে অব্যাহতি দিয়াছেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার আশা করেন, ১৯৫৪ সালের জানুয়ারী মাস হইতে প্রতিটি বেসরকারী বিদ্যালয় এই সর্ত্ত স্বীকার করিতে প্রস্তুত থাকিবেন, যাহাতে প্রতিটি মাধ্যমিক শিক্ষকের মাগ্‌গী ভাতা মাসিক দশ টাকার স্থলে কুড়ি টাকা হয়।

(প্রচার দপ্তর)

—

## Notice.

1. Applications are invited in prescribed forms for a permanent Inter-Regional route permit for a stage carriage to be provided on the Berhampore-Krishnagar via Dhubulia route.

Applications will be received by the undersigned upto 15. 12. 53.

2. Applications are invited in prescribed forms to provide stage carriages on the following temporary routes.

Applications will be receieved by the undersigned upto 15. 12. 53.

(i) Kandi-Jhikarhati via Andi.
(ii) Lalbagh-Paharpurghat via Berhampore and Doulatabad.
(iii) Raghunathganj-Muraroi.
(iv) Kandi-Raghunathganj via Indrani and Moregram.
(v) Domkal-Dogachighat.
(vi) Harirampurghat-Lalbagh via Palasbarighat and Jiaganj.
(vii) Jangipur-Dhulian-to touch at Nimtita, Aurangabad and Suti Thana along national Highways.

Berhampore
The 20th November, 1953.

Sd/- S. B. Majumdar
Secretary, R.T.A.,
Murshidabad.

## Notice.

Notice is hereby given that a meeting of the Regional Transport Authority, Murshidabad, will be held at the District Magistrate's Khas Kamra at 15-00 hrs. on 29th December '53 to consider the following :—

AGENDA.

1. To confirm the proceedings of the last meeting held on 11. 11. 53.

2. To consider the recommendation of the Sub-Committee in respect of issuing a permanent route permit on the Berhampore Karimpur via Jellangi route.

3. To consider the report of the Fare Revision Sub-Committee.

4. To consider the renewal of the following Public Carriers :—

(i) W.G.Q-123—Gour Kanti Choudhury.
(ii) W.G Q.-151—Sm. Prativa Choudhury & Labanya Choudhury.
(iii) W.G.Q.-136—Birendra Nath Saha.
(iv) W.G.Q.-137—Jogendra Pada Bhattacherjee.
(v) W.G.Q.-74—Gobindadas Acharji.
(vi) W.G.Q.-145—Sachindra Nath Goswami.
(vii) W.G Q.-142—Nirmal Chandra Mukherjee.
(viii) W.G.Q.-104—Khimraj Marothi.

5. To consider the granting of permanent route permits to the following Public Carriers :-

(i) W.G.Q.-125—Gouri Sankar Choudhury.
(ii) W.G.Q.-266—Paramananda Sinha.

6. Miscellaneous.

Sd/- S. B. Majumdar
Secretary, Regional Transport
Authority, Murshidabad.


## অপেরীণ




ডাক্তার বি. এন রায় করেন আবিষ্কার,
ন্যাম্পেটের খোঁচা খেতে হবে না কো আর।

বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে !
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলিকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।


## প্রবীণ কবিরাজের পরলোক

গত ১৮ই অগ্রহায়ণ শুক্রবার সন্ধ্যায় রঘুনাথগঞ্জের প্রবীণ কবিরাজ শ্রীপতিমোহন সেনগুপ্ত মহাশয় পরলোক গমন করিয়াছেন। তাঁহার অমায়িক ব্যবহারে সকলেই মুগ্ধ হইতেন। তিনি বিধবা পত্নী, তিন পুত্র, পাঁচ কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার বিয়োগব্যথাতুর স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২১শে ডিসেম্বর ১৯৫৩

১৪৩ থাং ৫৩ ডিঃ কমন ম্যানেজার রণেন্দ্রনারায়ণ বাগচী দেঃ কালীপদ মণ্ডল দাবি ১৫।৬ থানা সাগরদীঘি মৌজে খেরুর ৯ শতকের কাত ।৷৶০ আঃ ১০২ খৃঃ ১০১

(উপরের নম্বরটি ৮।১২।৫৩ তারিখে পাওয়া গিয়াছে)

## শোক সংবাদ

গতপূর্ব্ব সোমবার রাত্রি ৩ ঘটিকার সময় জঙ্গিপুরের অবৈতনিক ম্যাজিষ্ট্রেট, জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির প্রাক্তন ভাইস-চেয়ারম্যান জয়কৃষ্ণ দত্ত মহাশয় তাঁহার রঘুনাথগঞ্জস্থ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। তিনি লোকহিতকর বহু প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। রঘুনাথগঞ্জ এম. ই. স্কুলের সম্পাদক ছিলেন। স্কুলটি উচ্চ ইংরাজীতে উন্নীত হইলে অদ্যাবধি তাহার কার্য্য-নির্ব্বাহ-সমিতির সভ্য ছিলেন। জঙ্গিপুর কো-অপারেটিভ ব্যাঙ্কের কোষাধ্যক্ষ ছিলেন। উক্ত লোকহিতকর প্রতিষ্ঠানগুলির জন্য যথেষ্ট পরিশ্রম করিতে কুণ্ঠিত হইতেন না। তাঁহার মৃত্যুতে জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিস, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় ১লা ডিসেম্বর বন্ধ ছিল ও বেলা ২ ঘটিকায় স্থানীয় ফৌজদারী আদালতে মহকুমা শাসকের সভাপতিত্বে এক শোকসভা অনুষ্ঠিত হয়। সভার পর অফিসের কার্য্যাদি বন্ধ হয়। তিনি বিধবা পত্নী, ৪টি পুত্র ৬টি কন্যা, দৌহিত্র, দৌহিত্রী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।

---

## পরলোকে সুশীলাসুন্দরী দেবী

জঙ্গিপুরের জমিদার স্বর্গীয় মনোমোহন সিংহ মহাশয়ের দৌহিত্র, জঙ্গিপুর আদালতের প্রাক্তন অবৈতনিক ম্যাজিষ্ট্রেট স্বর্গীয় আশুতোষ সিংহ মহাশয়ের সহধর্ম্মিণী সুশীলাসুন্দরী দেবী বহুদিন যাবৎ দুরারোগ্য পক্ষাঘাত রোগে শয্যাগত অবস্থায় ছিলেন। গত ১২ই অগ্রহায়ণ তারিখে নশ্বর দেহ পরিত্যাগ করিয়া কাম্যধামে গমন করিয়াছেন। আমরা তাঁহার আত্মার সদ্‌গতি কামনা করিয়া, তাঁহার বিয়োগব্যথাতুর স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

## প্রেরিত পত্র

গ্রাম্য রাস্তাঘাটের উন্নতিসাধন, শিক্ষাবিস্তার ও স্বাস্থ্যের উন্নয়ন সম্বন্ধে বিশেষ সচেষ্ট হওয়াই আমি ইউনিয়ন বোর্ডের প্রধান কর্ত্তব্য বলিয়া মনে করি। কিন্তু গ্রামবাসিগণের সহায়তা ব্যতিরেকে আমাদের কর্ত্তব্যপালন অসম্ভব মনে করি। ইউনিয়ন বোর্ডের মাত্র ৯ জন সভ্যের পক্ষে সব দিক লক্ষ্য রাখিয়া কাজ করা সম্ভবপর নয়। আমি লক্ষ্য করিয়াছি যে গ্রাম্য লোকেরা পুরাতন ঘর ভাঙ্গিয়া নূতন ঘর তৈয়ারী করিলেই রাস্তার কিছুটা স্থান দখলের চেষ্টা করিয়া থাকেন। রাস্তার খাল কাটিয়া জল লইয়া যান। বাড়ীর পাশের নর্দ্দমা অপরিষ্কার রাখেন। ঐরূপ বদ অভ্যাসগুলি পরিত্যাগ করার জন্য গ্রামবাসিদের সর্ব্বদা সজাগ দৃষ্টি রাখা উচিত।

অনেকে ছেলে-মেয়েদের পাঠশালায় পাঠাইতেও পরাঙ্মুখ। অসুস্থ ছেলে-মেয়েদের চিকিৎসা ব্যাপারেও অনেককে উদাসীন দেখা যায়। সমবেত চেষ্টার দ্বারা ঐরূপ স্বভাবের পরিবর্ত্তন করানর দরকার। প্রতি ওয়ার্ডের জন্য এক একজন সভ্যকে আমি ঐসব বিষয়ের তত্ত্বাবধানের ভার দেওয়ার মনস্থ করিয়াছি। আপনারা ঐসব বিষয়ে ইউনিয়ন বোর্ডের যথেষ্ট সহায়তা পাইবেন। প্রয়োজন বোধ করিলেই আপনারা সহায়তার জন্য নিজ নিজ এলাকায় ভাইস-প্রেসিডেন্ট মহাশয়কে অথবা আমাকে লিখিতভাবে জানাইয়া আমাদের কর্ত্তব্য পালনের সহায়তা করিবেন। আমি আমাদের ইউনিয়নকে শিক্ষায় দীক্ষায় সর্ববিষয়ে উন্নীত মনে করিতাম এবং এখনও করি। কিন্তু আপনারা জানিয়া বিস্মিত হইবেন যে ১৩৫৯ সালের পরিদর্শন মন্তব্যে জঙ্গিপুর দক্ষিণ এলাকার সার্কেল অফিসার মহাশয় জামুয়ার ইউনিয়ন বোর্ডকে "গ" শ্রেণীভুক্ত করিয়াছেন। ইহা শুধু আমার নয় আপনাদের সকলেরই লজ্জার কথা। এইরূপ একটা বোর্ডের প্রেসিডেন্ট হইয়া জনসমাজের বা সরকারী কর্ম্মচারীদের নিকট প্রেসিডেন্ট বলিয়া নিজেকে পরিচিত করাটা আমি আমার গৌরব মনে করি না। এরূপ আত্মপ্রতিষ্ঠার মনোভাব লইয়া আমি প্রেসিডেন্ট হই নাই। জনসেবার দ্বারা ইউনিয়নের সর্ব্ববিধ উন্নয়নের আশা হৃদয়ে পোষণ আমি করিতেছি। আমি আপনাদের সকলের সহযোগিতা কামনা করি। একটী জামুয়ার ইউনিয়ন জনকল্যাণ সমিতি স্থাপনের প্রস্তাব করিয়া আপনাদের নিকট যে আবেদন করিয়াছি আশা করি সে বিষয়ে আপনাদের সহানুভূতিপূর্ণ সাড়া আমি পাইব। নিবেদন ইতি—

বিনীত নিবেদক
শ্রীকমলাপতি চক্রবর্ত্তী, প্রেসিডেন্ট,
জামুয়ার ইউনিয়ন বোর্ড। ৭।১২।৫৩

---

## বিজ্ঞপ্তি

জংগীপুর উচ্চ বিদ্যালয়ের প্রাথমিক বিভাগে এতদিন কেবল তৃতীয় ও চতুর্থ শ্রেণীই ছিল। আগামী বর্ষ (১৯৫৪) হইতে এখানে এই সঙ্গে প্রথম ও দ্বিতীয় শ্রেণীও খোলা হইতেছে। সুযোগ্য শিক্ষকের তত্ত্বাবধানে বেশ যত্ন ও মনোযোগের সহিত এখানে পড়ান হয়।

শ্রীঅমরনাথ রায়, প্রধান শিক্ষক,
জংগীপুর উচ্চ বিদ্যালয় (প্রাথমিক বিভাগ)

---

OFFICE OF THE COLLECTOR OF MURSHIDABAD TANKS IMPROVEMENT DEPARTMET (BERHAMPORE)

## Notice

Sealed tenders are invited for the re-excavation of 40 (forty) tanks and will be received by the undersigned up to 1 P.M. of 15/12/53 at any time during office hours.

2. Tenders should be filed in proper form obtainable free from this office and must be accompanied with a treasury chalan showing deposit of 5% of the estimated cost.

3. Plans and estimates of works may be seen at any time during office hours.

4. Tenders will be opened by the undersigned at 1-30 P. M. on 15/12/53.

Sd/- M. N. Mitra
For Collector, Murshidabad.
24/11/53.

---

## নোটীশ

বন্দুক বা রিভলবার লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণকে জানান যাইতেছে যে নিম্নলিখিত প্রোগ্রাম অনুযায়ী তাঁহাদের বন্দুক প্রভৃতির লাইসেন্স রিনিউ করা হইবে।

১২-১২-৫৩—দয়ারামপুর, মিঠিপুর, তেঘরী, গোবিন্দপুর, সেখালিপুর ইউনিয়ন।

১৪-১২-৫৩—জঙ্গিপুর মিউনিসিপালিটী, মির্জ্জাপুর জামুয়ার, জরুর, দফরপুর ইউনিয়ন।

১৫-১২-৫৩—ফরাকা থানার।

১৬-১২-৫৩—সমসেরগঞ্জ থানার।

১৭-১২-৫৩—সাগরদীঘি থানার।

১৯-১২-৫৩—সুতী থানার।

(স্বাক্ষর) এস, কে, ঘোষ,
মহকুমা শাসক, জঙ্গিপুর।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১১ই জানুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৩০৫ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং বিনয়কুমার রায় দিং দাবি ৪১৸৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুরা ৩০০ শতকের কাত ৪।৩ খং ২৫৮

৪১০ থাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং পঙ্কজকুমার মুখোপাধ্যায় দাবি ৫৯।৶৬ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে সেওা জামুয়ার ১-৬৩ শতকের কাত ১১৸৴১৫ আঃ ৫০৲ খং ৫০৭

৪১১ থাং ডি ঐ দেং ঐ দাবি ১০৯৴৯ মৌজাদি ঐ ৩-৫৮ শতকের কাত ২৩৸১১ আঃ ১০০৲ খং ৫০৬

৫৩১ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং মটরু মণ্ডল দিং দাবি ২০৸৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৪৫ শতকের কাত ১৸৶০ আঃ ১০৲ খং ৩৮৭

৫৩২ থাং ডিঃ ঐ দেং মাখন কোটাল দিং দাবি ৫২৷৬ মৌজাদি ঐ ২-২৮ শতকের কাত ৯৷৶৩ আঃ ৩০৲ খং ১৯২, ২৭৬, ৬০, ৬০।১, ৬০।২

৫৩৩ থাং ডিঃ ঐ দেং আল্লারেখা মোল্লা দিং দাবি ৪০।৴৬ মৌজাদি ঐ ১-২৩ শতকের কাত ৭।৴১১ আঃ ২০৲ খং ৪৪৩

৫৩৪ থাং ডিঃ ঐ দেং বিনয়কুমার রায় দিং দাবি ৩০।৬ মৌজাদি ঐ ১০৬ শতকের কাত ৭৷০ আঃ ১৫৲ খং ৪০০

৫১৮ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোঃ লিমিটেড দেং কার্ত্তিকচন্দ্র সরকার দাবি ৮৭৸৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিজ বাগডাঙ্গা ১৫৴০ বিঘার কাত ১৮৸০ আঃ ৮০৲ খং ৩ খাস খতিয়ানের অন্তর্গত।

৩১৬ থাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দিং দেং অনাথবন্ধু দাস দিং দাবি ১০৩৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ২-২৫ শতকের কাত ১২।০ আঃ ১০৲ খং ৪১৮ রায়ত স্থিতিবান স্বত্ব

৩১৭ থাং ডিঃ ঐ দেং সুবাসিনী ঘোষ দিং দাবি ৫৮।৴০ থানা ঐ মৌজে মঙ্গলজন ৯১ শতকের কাত ৬।৵৩ আঃ ১০৲ খং ৯৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৩১৮ থাং ডিঃ ঐ দেং বঙ্কবিহারী রুদ্র দিং দাবি ৫৮৸৵০ থানা ঐ মৌজে বাসুদেবপুর ২-৩৮ শতকের কাত ৪৵০ আঃ ১০৲ খং ৩৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৩০৯ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং পূর্ণশশী দেবী দাবি ২৯৷৴৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ১-০৯ শতকের কাত ২৵৩ আঃ ১০৲ খং ১১৬

৩১০ থাং ডিঃ ঐ দেং সৌরভমণি দাসী দাবি ২৫।৩ মৌজাদি ঐ ৫ শতকের কত ২৸৴০ আঃ ১০৲ খং ৫৭১

২৪৭ থাং ডিঃ ভোলানাথ সাহা দেং রাধাবল্লভ নাথ দিং দাবি ১০।০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ব্যাস বাগিচা ৪ শতকের কাত ২৸০ আঃ ৩৲ খং ৪০৬ অধীনস্থ খতিয়ান ৪০৭ স্বত্ব দখলকার

২৪৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৸৬ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৬৷৴০ আঃ ৬৲ খং ৪০৮ স্বত্ব ঐ

২৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮।৯ মৌজাদি ঐ ৪ শতকের কাত ২৶০ আঃ ৩৲ খং ৪০৯ স্বত্ব ঐ

২৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৸৯ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৩।০ আঃ ৩৲ খং ৪১০ স্বত্ব ঐ

২৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৴৩ মৌজাদি ঐ ৬ শতকের কাত ১৩।৶০ আঃ ৬৲ খং ৪১১ স্বত্ব ঐ

২৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৶৯ মৌজাদি ঐ ২ শতকের কাত ২৵০ আঃ ৩৲ খং ৪১২ স্বত্ব ঐ

২৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৴৩ মৌজাদি ঐ ৪ শতকের কাত ৮৲ আঃ ৫৲ খং ৪১৩ স্বত্ব ঐ

৫১৭ থাং ডিঃ সেকান্দর সেখ দিং দেং আয়েশা বিবি দাবি ১৪৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়া-ডাঙ্গা ৪ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৫৮০

৩৬৯ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং হারাধন কুনাই দাবি ১৯৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইস্ক্যা ৭৩ শতকের কাত ১।৵০ আঃ ৫৲ খং ২৫৩

৩৮৬ থাং ডিঃ ঐ দেং বিজয়কুমার সিংহ দিং দাবি ৯৬৶৬ মৌজাদি ঐ ৩-৪৭ শতকের কাত ১৪৷৶১৫ আঃ ৫০৲ খং ২৪৯

২৬৫ থাং ডিঃ রমেন্দ্রকৃষ্ণ চৌধুরী দেং উর্ম্মিলা বালা দাসী দাবি ২৫৸৶৬ থানা সুতি মৌজে বংশবাটি ২০০৭ শতকের কাত ২৸৶১০ আঃ ১৫৲ খং ৮৬৮

৩৩৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং অমরেন্দ্রনাথ দাস দিং দাবি ২৮৴৬ থানা সুতি মৌজে গোপালনগর ২-০৩ শতকের কাত ১৷৵১১ পাই আঃ ১০৲ খং ৭৯

৩৬৫ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং আয়েদ আলি সেখ দিং দাবি ৪৬৷৬ থানা সুতি মৌজে রাতুরী ১-৭ শতকের কাত ৫৲ আঃ ১৫৲ খং ১২২

১৭৫ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং আবদুল আজিজ মণ্ডল দিং দাবি ৪৯।৶৯ থানা সুতি মৌজে খিদিরপুর ১০০ শতকের কাত ১৸৴৯ আঃ ৫৲

৩৮৬ থাং ডিঃ ঐ দেং চমৎকার দাস দিং দাবি ২৯।৶০ থানা ঐ মৌজে হাজিপুর ৭৭ শতকের কাত ৫৲ নিজাংশে ৸৴৪ আঃ ৫৲

৩৮৭ থাং ডিঃ ঐ দেং আবদুল আজিজ মণ্ডল দিং দাবি ৩০।৶৬ থানা ঐ মৌজে খিদিরপুর ৭৩ শতকের কাত ২৬ আঃ ৫৲

৭৩ মনি ডিঃ ভোলানাথ সাহা দেং প্রিয়নাথ সাহা দাবি ৩৬৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৫-২৭ শতকের কাত ২৮৲ তন্মধ্যে ১/৬ অংশে ৮৮ শতকের কাত পরতামত ৪৷৵৮ আঃ ১৬৫৲ খং ৪৪২ রায়ত স্থিতিবান স্বত্ব


৭৬ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৪০৶৩ থানা ঐ মৌজে আমগাছি ও বিজয়পুর ৭-০৪ শতকের কাত ৩৯৸০ তন্মধ্যে ১/৬ অংশে ১-১৭ শতকের কাত পরতা-মত ৬৷৵০ আঃ ৯৫৲ খং ১০৩, ১০৪, ১৯৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৭৪ মনি ডিঃ ঐ দেং নকড়িলাল সাহা দাবি ৬০৴৬ থানা ঐ মৌজে তালাই ৫-২৭ শতকের কাত ২৮৲ তন্মধ্যে ১/৬ অংশে ১-৭৫৸ শতকের কাত পরতা-মত ৯।৴৩ আঃ ১৬৫৲ খং ৪৪২ রায়ত স্থিতিবান স্বত্ব

৭৭ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬।৵০ থানা ঐ মৌজে আমগাছি বিজয়পুর ৭-০৪ শতকের কাত ৩৯৸০ তন্মধ্যে ১/৩ অংশে ২-৩৫৸০ শতকের কাত পরতামত ১৩।০ আঃ ১৭৫৲ খং ১০৩, ১০৪, ১৯৪ রায়ত স্থিতিবান স্বত্ব

৭৫ মনি ডিঃ ঐ দেং নবকুমার সাহা দাবি ৬০৴৬ থানা ঐ মৌজে তালাই ৫-২৭ শতকের কাত ২৮৲ তন্মধ্যে ১/৩ অংশে ১-৭৫৸০ শতকের কাত পরতামত ৯।৴৪ আঃ ১৬৫৲ খং ৪৪২ রায়ত স্থিতিবান স্বত্ব

৭৮ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৬৸৵০ থানা ঐ মৌজে আমগাছি ও বিজয়পুর ৭-০৪ শতকের কাত ৩৯৸০ তন্মধ্যে ১/৩ অংশে ২-৩৪৸০ শতকের কাত পরতামত ১৩।০ আঃ ১৭৫৲ খং ১০৩, ১০৪, ও ১৯৪ রায়ত স্থিতিবান স্বত্ব




দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়
* * *
রবার ষ্ট্যাম্প: অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
ইলেকট্রিক সলিউসন
— দ্বারা —
মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৵০ আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান
চা-সংসদে
রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।
চা-সংসদ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।